

১৬

**দলমুক্ত ছাত্র
রাজনীতি :
গণফোরাম
কর্মসূচী দেবে**

স্টাফ রিপোর্টার : গণফোরাম আগামী ডিসেম্বর থেকে ছাত্র রাজনীতিকে রাজনৈতিক দলমুক্ত করার আন্দোলন শুরু করবে।

এর পূর্বেই দলের স্বাক্ষর সংগ্রহ কর্মসূচীতে সংগৃহীত স্বাক্ষর সংসদের (৫-এর পৃঃ ৫ঃ)

গণফোরাম কর্মসূচী দেবে

(প্রথম পৃষ্ঠার পর)

শীতকালীন অধিবেশনে জমা দেয়া হবে বলে জানা যায়। শিক্ষাদানে সন্ত্রাসবিরোধী কর্মসূচীর অংশ হিসাবে গণফোরাম দেশব্যাপী স্বাক্ষর সংগ্রহ করে।

সূত্র জানায়, গণফোরাম তার দলীয় নীতির ভিত্তিতে ছাত্র রাজনীতিকে রাজনৈতিক দলমুক্ত করার জন্য জাতীয় পর্যায়ে আন্দোলন শুরু করবে। ফোরাম ছাত্র সংগঠনকে রাজনৈতিক দলের সহযোগী বা অঙ্গসংগঠন থেকে বাদ দিয়ে ছাত্র রাজনীতির স্বকীয় ধারা চালুর দাবী জানাবে। ফোরাম ছাত্র রাজনীতিকে দলমুক্ত করার ব্যাপারে পুরানো বিধান বাতিল করে নতুন আইন প্রণয়নের দাবীও জানাবে।

সূত্র জানায়, গণফোরাম তার নীতি-আদর্শের কাছাকাছি সকল ছাত্র সংগঠনের কর্মসূচীর পক্ষে থাকবে। কোন ছাত্র সংগঠনের জনকল্যাণমূলক কর্মসূচী থাকলে, ফোরাম তা বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করবে। অনুরূপভাবে ছাত্র রাজনীতির ব্যাপারে অন্যান্য রাজনৈতিক দলগুলোকেও অবস্থান নেয়ার দাবী ফোরাম জানাবে।

সূত্র জানায়, ডঃ কামাল হোসেন দেশে ফেরার পর ছাত্র রাজনীতি সম্পর্কিত আন্দোলনের কর্মসূচী চূড়ান্ত করা হবে। তিনি হ্যাঙ্গাং, বৃটেন ও ভারত ঘুরে এ মাসের শেষ দিকে দেশে ফিরবেন।